

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
উন্নয়ন- ১ অধিশাখা
www.powerdivision.gov.bd

নং- ২৭.০০.০০০০.০৭১.১৪.০৩৩.২০১৬.৭২৭


তারিখঃ ২৭/১২/২০১৭ খ্রি:।

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থা/সরকারি ও বেসরকারি কোম্পানিসমূহ কর্তৃক বিদেশ হতে মালামাল রপ্তানি/ফেরতের শর্তে আমদানি এবং শুল্ক বিষয়ে মতামত গ্রহণের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে ওয়ার্কশপ আয়োজন।

দেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থা এবং সরকারি ও বেসরকারি কোম্পানিকে নিয়মিতভাবে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ফেরতের শর্তে আমদানি/ফেরতের শর্তে রপ্তানি করতে হয়। এক্ষেত্রে সরকারের বিদ্যমান আইন/বিধি/নীতিমালা অনুযায়ী কতিপয় ক্ষেত্রে কর/মূল্য সংযোজন কর/বন্দর চার্জ/ফি ইত্যাদি মওকুফের/হ্রাসকৃত হারে পরিশোধের বিধান রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এ বিষয়ে প্রায়শই জটিলতার সৃষ্টি হচ্ছে। বিশেষত, IPP প্রকল্পগুলোর ক্ষেত্রে বিভিন্ন কোম্পানির একই ধরনের খসড়া চুক্তির উপর শুল্ক বিষয়ে ভিন্ন ভিন্ন মতামত পরিলক্ষিত হচ্ছে যা নিরসন করা প্রয়োজন।

০২। এ লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা (যথা- অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, নৌ পরিবহন মন্ত্রণালয়, বন্দর কর্তৃপক্ষ) এবং এ বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানির সমন্বয়ে একটি ওয়ার্কশপ/সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০৩। উক্ত ওয়ার্কশপ/সেমিনারে উপস্থাপনের লক্ষ্যে বিভিন্ন সময়ে IPP সংক্রান্ত উদ্ভূত সমস্যাসমূহ ও সমাধানের উপায় সুনির্দিষ্টভাবে উল্লেখ করে আগামী ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট তথ্যাদি (হার্ড ও সফটকপি) এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ নাজমুল আবেদীন)
উপসচিব
ফোন- ৯৫৫৯৯২৮
Email: dev-1@pd.gov.bd

বিতরণঃ

- ১। চেয়ারম্যান, পবিবো, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৩। প্রেসিডেন্ট, Bangladesh Independent Power Producers Association (BIPPA), ঢাকা।

অনুলিপিঃ

- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।